কালের কণ্ঠ

তাং 20 MAY 2016
পৃষ্ঠা ... কলাম ...

### ভাসানী বিশ্ববিদ্যালয়ে আইজিপি

# আইনশৃঙ্খলা অতীতের চেয়ে অনেক ভালো

টাঙ্গাইল প্রতিনিধি ▷

বাংলাদেশ পুলিশের মহাপরিদর্শক (আইজিপি) এ কে এম শহীদুল হক বলেছেন, দেশের আইনশৃঙ্খলা পরিস্থিতি আগের যেকোনো সময়ের তুলনায় অনেক ভালো। দেশের মানুষও তা-ই মনে করে। গতকাল বৃহস্পতিবার দুপুরে মাওলানা ভাসানী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের ক্রিমিনোলজি অ্যান্ড পুলিশ সায়েন্স (সিপিএস) বিভাগের 'একবিংশ শতাব্দীতে পুলিশিং' সম্মেলনে যোগদানের আগে সাংবাদিকদের কাছে তিনি এসব কথা বলেন।

নারায়ণগঞ্জের শিক্ষক লাঞ্ছনার ঘটনা প্রসঙ্গে আইজিপি বলেন, সেখানে তাৎক্ষণিকভাবে পুলিশের কিছু করার ছিল না। এ ঘটনায় আদালতে মামলা হয়েছে। তদন্ত সাপেক্ষে যদি কিছু করার থাকে, তবে অবশ্যই তা করা হবে।

টাঙ্গাইলের মুক্তিযোদ্ধা ফারুক আহমেদ হত্যা মামলা সম্পর্কে এক প্রশ্নের জবাবে আইজিপি বলেন, ফারুক হত্যা মামলার চার্জশিট দেওয়া হয়েছে। আসামিদের এখনো গ্রেপ্তার করা যায়নি। তাঁদের মালামাল জব্দের আদেশ পাওয়া গেছে।

সম্মেলনে আইজিপি বলেন, জনগণের আস্থাহীনতা দূর করে একবিংশ শতাব্দীর পুলিশিংয়ে পুলিশই হবে জনগণের বন্ধু। মাওলানা ভাসানী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের সিপিএস বিভাগের মিলনায়তনে আয়োজিত সম্মেলনে বিশেষ অতিথি ছিলেন বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মো. আলাউদ্দিন। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন সিপিএস বিভাগের চেয়ারম্যান মোহাম্মদ জহিরুল ইসলাম।

বিকেলের দিকে আইজিপি এ কে এম শহীদুল হক টাঙ্গাইলের বাসাইল থানার নতুন ভবন উদ্বোধন করেন এবং স্থানীয় আইনশৃঙ্খলা পরিস্থিতিবিষয়ক সুধী সমাবেশে প্রধান অতিথি হিসেবে বক্তব্য দেন।